বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড,ঢাকা

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ

(ভোকেশনাল শাখা)

Web site : www.bteb.gov.bd

স্মারক নং-১৭.০০০০.৩০৩.১৮.০০৭.১৬ তারিখ ঃ ১৪ জুলাই ২০১৬ খ্রি.

বিজ্ঞপ্তি

সংশিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, নভেম্বর, ২০১৬ খ্রি.-এ অনুষ্ঠিতব্য অত্র বোর্ডের ২০১৬ সনের এসএসসি (ভোকেশনাল) এবং দাখিল (ভোকেশনাল) নবম শ্রেণি বোর্ড সমাপনী পরীক্ষার পরীক্ষার্থীদের প্রতিষ্ঠান ভিত্তিক সম্ভাব্য তালিকা **(Probable list)** আগামী ১৮/০৭/২০১৬খ্রি. হতে ০৩/০৮/২০১৬খ্রি. তারিখ পর্যন্ত বোর্ডের ওয়েব সাইটে পাওয়া যাবে। পরীক্ষায় অংশগ্রহণ ইচ্ছুক শিক্ষার্থীদেরকে নির্ধারিত ফি জমা দিয়ে স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে অন-লাইনে ফরম পূরণ করতে হবে। ফরম পূরণের তারিখ ও সময় এবং পরীক্ষা সংক্রান্ত অন্যান্য তথ্যাদি এতদ্‌সঙ্গে দেয়া হলো, যা বোর্ডের **Web site**-এর মাধ্যমেও জানা যাবে।

পরীক্ষার সময়সূচি এবং পরীক্ষা কেন্দ্রের চূড়ান্ত তালিকা যথারীতি বোর্ডের Web site-এ প্রকাশ করা হবে।

১. পরীক্ষার্থীদের শ্রেণি বিন্যাস

১.১ ২০১৬ শিক্ষাবর্ষে ভর্তিকৃত এসএসসি (ভোকেশনাল) এবং দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমে নবম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীগণ নিয়মিত পরীক্ষার্থী হিসাবে গণ্য হবে।

১.২ নিয়মিত শিক্ষার্থীগণকে অবশ্যই ২০১৩ সনে প্রবর্তিত পাঠ্যসূচির আলোকে প্রণিত প্রশ্নের ধারা ও মান বন্টন অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১.৩ ২০১৩ সন অথবা তার পূর্বে এসএসসি (ভোকেশনাল) এবং দাখিল (ভোকেশনাল) নবম শ্রেণি সমাপনী পরীক্ষায় অনধিক ০৩ (তিন) বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীগণকে রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে ২০০৯ সনে প্রবর্তিত পাঠ্যসূচির আলোকে প্রণিত প্রশ্নের ধারা ও মান বন্টন অনুযায়ী অকৃতকার্য বিষয় বা বিষয়সমূহে অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে ২০১৬ সনের এসএসসি (ভোকেশনাল) নবম শ্রেণি বোর্ড সমাপনী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১.৪ ২০১৫ সনে অনুষ্ঠিত এসএসসি (ভোকেশনাল) এবং দাখিল (ভোকেশনাল) নবম শ্রেণি বোর্ড সমাপনী পরীক্ষায় অংশগ্রহণ করে নাই, কিন্তু পূর্বে অনুষ্ঠিত এসএসসি (ভোকেশনাল) নবম শ্রেণি বোর্ড সমাপনী পরীক্ষায় অংশগ্রহণ করেছে এরূপ পরীক্ষার্থীগণ আসন্ন ২০১৬ সনের এসএসসি (ভোকেশনাল) এবং দাখিল (ভোকেশনাল) নবম শ্রেণি বোর্ড ফাইনাল পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করতে ইচ্ছুক হলে তাহাদিগকে রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে ৩০০/- টাকা হারে সংযোগরক্ষাকারী ফিসহ নির্ধারিত বিবরণীতে তাদের পূর্ণ তথ্যসহ ফরম পূরণ করতে হবে। এই সকল পরীক্ষার্থীর ক্ষেত্রে প্রিন্ট আউটের হার্ড কপি প্রেরণের বিবরণীতে সংশ্লিষ্ট পরীক্ষার্থীর নামের পার্শ্বে মন্তব্যের কলামে "সংযোগরক্ষাকারী ফি প্রদত্ত হয়েছে" কথাটি উল্লেখ করতে হবে।

১.৫ ২০১৩ সেসনের পূর্বের কোন পরীক্ষার্থী ২০১৬ সনের এসএসসি (ভোকেশনাল) এবং দাখিল (ভোকেশনাল) নবম শ্রেণি বোর্ড ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। তবে শুধুমাত্র ২০১২ সেসনের পরীক্ষার্থী রেজিস্ট্রেশনের মেয়াদ বৃদ্ধি করে নবম ২০১৬ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

অব্যাহত.......

২. নিম্নোক্ত ছক মোতাবেক পরীক্ষার্থীদের অন-লাইনে ফরম পূরণ এবং ব্যাংক ড্রাফটসহ অন্যান্য কার্যাদি সম্পন্ন করতে হবে ঃ

ছক-১

অন লাইন ফরম পূরণের তারিখ	বিলম্ব ফি ছাড়া ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ	৩০০(তিনশত) টাকা হারে বিলম্ব ফিসহ অন-লাইনে ফরম পূরণ ও ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ	অন-লাইনে ফরম পূরণের চুড়ান্ত তালিকা (Final List)- এর হার্ড কপি ও ব্যাংক ড্রাফট জমার তারিখ	
১	২	৩	৪	
১৮/০৭/২০১৬খ্রি. হইতে ০১/০৮/২০১৬খ্রি. সময়ের মধ্যে অন-লাইনে ফরম পূরণ করতে হবে (সকল বিভাগ)।	০৪/০৮/২০১৬ খ্রি. তারিখের মধ্যে ব্যাংক ড্রাফট করে প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে (সকল বিভাগ)।	০২/০৮/২০১৬ খ্রি. হতে ০৩/০৮/২০১৬ খ্রি. সময়ের মধ্যে অন লাইন-এ ফরম পূরণ করতে হবে এবং ০৭/০৮/২০১৬ খ্রি. তারিখে ব্যাংক ড্রাফট করে প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে (সকল বিভাগ)।	বিভাগ	তারিখ
			রংপুর	১৭.০৮.২০১৬ খ্রি.
			খুলনা	২১.০৮.২০১৬ খ্রি.
			রাজশাহী	১৮.০৮.২০১৬ খ্রি.
			বরিশাল	২২.০৮.২০১৬ খ্রি.
			সিলেট	২৩.০৮.২০১৬ খ্রি.
			চট্টগ্রাম	২৪.০৮.২০১৬ খ্রি.
			ঢাকা	২৮.০৮.২০১৬ খ্রি.

২.১ যাবতীয় নির্দেশাবলির আলোকে অন-লাইনে ফরম পূরণ করতে হবে। অন-লাইনে ফরম ফিলাপ সংক্রান্ত কোন জটিলতা দেখা দিলে ০১৫৫০৬২০৬০৪, ০১৮৭৬৩৯৭১৩৮ নম্বরে যোগাযোগ করা যাবে।

২.২ **Probable List**- এ কোন পরীক্ষার্থীর নাম না থাকলে বোর্ডের **Computer Cell**-এর ০১৫৫০৬২০৬০৪, ০১৮৭৬৩৯৭১৩৮ মোবাইল নম্বরে যোগাযোগ করে তাৎক্ষণিকভাবে নিস্পত্তি করতে হবে।

২.৩ বিলম্ব ফি ব্যতীত ফরম পুরণকৃত পরীক্ষার্থীদের ফাইনাল লিস্ট ০৯/০৮/২০১৬ খ্রি. তারিখে এবং বিলম্ব ফি-সহ ফরম পুরণকৃত পরীক্ষার্থীদের ফাইনাল লিস্ট ১৩/০৮/২০১৬ খ্রি. তারিখে প্রিন্ট করতে হবে।

২.৪ ধারাবাহিক পরীক্ষায় অকৃতকার্য পরীক্ষার্থী ফরম পূরণ করতে পারবে না।

৩. পরীক্ষা ও অন্যান্য ফিসের বিবরণ ঃ

ক্রমিক নং	বিবরণ	হার	মন্তব্য
১	পরীক্ষার ফি	৩০০.০০	বোর্ডের প্রাপ্য ১০০%
২	নম্বর পত্র ফি	৬০.০০	বোর্ডের প্রাপ্য ১০০%
৩	বাস্তব প্রশিক্ষণ ফি	১২০.০০	বোর্ডের প্রাপ্য ৭০/- প্রতিষ্ঠান ৫০/-
৪	সংযোগ রক্ষাকারী ফি (২০১৫ তে অংশগ্রহণ করে নাই)	৩০০.০০	বোর্ডের প্রাপ্য ১০০%
৫	বিলম্ব ফি	৩০০.০০	বোর্ডের প্রাপ্য ১০০%
৬	জরিমানা (প্রতিষ্ঠান)	২৫০০.০০	বোর্ডের প্রাপ্য ১০০%
৭	কেন্দ্র ফি	৪৫০.০০	কেন্দ্রের প্রাপ্য ১০০%
৮	ব্যবহারিক কেন্দ্র ফি	১০০.০০	কেন্দ্রের প্রাপ্য ১০০%
৯	ব্যবহারিক ফি ৮ বিষয় (ঐচ্ছিক বিষয় সহ)	২৫.০০	কেন্দ্রের প্রাপ্য ১০০%

৩.১ উল্লিখিত ফি এর মধ্যে নিয়মিত পরীক্ষার্থীদের নিকট হতে পরীক্ষার ফি, নম্বরপত্র ফি ও বাস্তব প্রশিক্ষণ ফি বাবদ মোট (৩০০+৬০+৭০) = ৪৩০.০০ (চারশত ত্রিশ টাকা) এবং অনিয়মিত পরীক্ষার্থীদের নিকট থেকে পরীক্ষার ফি ও নম্বরপত্র ফি বাবদ (৩০০+৬০) = ৩৬০/- (তিনশত ষাট) টাকা হারে আদায়পূর্বক বোর্ডে প্রেরণ করতে হবে।

৩.২ কেন্দ্র ফি বাাবদ আদায়কৃত টাকা থেকে পরীক্ষার্থীদের ধারাবাহিক মূল্যায়ন (T.C, P.C) সংক্রান্ত কাজে সংশ্লিষ্ট শিক্ষকদর সম্মানী বাবদ ১.৫ টাকা হারে রেখে বাকী টাকা কেন্দ্রকে প্রদান করতে হবে। কেন্দ্র ফি ও ব্যবহারিক ফি কেন্দ্রে জমা থাকবে। প্রযোজ্য ক্ষেত্রে সংযোগরক্ষাকারী ফি, বিলম্ব ফি ও জরিমানা যথারীতি বোর্ডে সমার্পণ করতে হবে। বাস্তব প্রশিক্ষণ ফি বাবদ আদায়কৃত ১২০.০০ টাকার অবশিষ্ট ৫০.০০ টাকা বোর্ডে প্রদত্ত নীতিমালা অনুসারে এতদসংক্রান্ত কাজে ব্যয় করা যাবে। বোর্ড হতে বাস্তব প্রশিক্ষণ বহি সরবরাহ করা হবে। কেন্দ্র ফি ও ব্যবহারিক কেন্দ্র ফি বোর্ডের নীতিমালা অনুসারে সংশ্লিষ্টদের মধ্যে বিতরণ করতে হবে।

অব্যাহত ---

৪. পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত অবশিষ্ট অর্থ (কেন্দ্র/প্রতিষ্ঠান কর্তৃক ব্যয়যোগ্য) বন্টন বিবরণ ঃ

৪.১ লিখিত পরীক্ষা আরম্ভ হওয়ার ১ (এক) সপ্তাহ পূর্বে অবশ্যই সংশিষ্ট পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার বরাবরে নগদ/ব্যাংক ড্রাফটের মাধ্যমে কেন্দ্র ফি-বাবদ টাঃ ৪৫০/-, ব্যবহারিক পরীক্ষার কেন্দ্র ফি-বাবদ টাঃ ১০০/- ও ব্যবহারিক পরীক্ষার ফি-বাবদ (প্রতি বিষয়ে) আদায়কৃত টাঃ ২৫/- প্রতিষ্ঠান হতে প্রেরণ করতে হবে। কোন প্রতিষ্ঠান হতে কেন্দ্র ফি ও ব্যবহারিক পরীক্ষার ফি যথাসময়ে কেন্দ্রে পরিশোধ না করার অভিযোগ পাওয়া গেলে উক্ত ***প্রতিষ্ঠানের ফলাফল স্থগিত*** থাকবে।

৪.২ বোর্ডের নীতিমালা অনুযায়ী পরীক্ষা সমাপ্তির পর কেন্দ্র ফি-বাবদ আদায়কৃত অর্থ পরীক্ষা/মূল্যায়ণ সংক্রান্ত কাজে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে বন্টন করতে হবে। এ ক্ষেত্রে অন্যান্য বন্টন হারে পাশাপাশি ধারাবাহিক মূল্যায়ণ (তাত্ত্বিক) ও ধারাবাহিক মূল্যায়ন (ব্যবহারিক)-এর বরাতে সংশ্লিষ্ট শিক্ষকও পরিক্ষার্থী প্রতি টাকা ১.৫০ করে প্রতি বিষয়ে প্রতি দফায় প্রাপ্য হবেন।

৪.৩ ব্যবহারিক পরীক্ষা সমাপ্তির পর অভ্যন্তরিণ/অনাভ্যন্তরিণ ব্যবহারিক পরীক্ষকগণ বোর্ড প্রবর্তিত হারে (২ ঘন্টার বিষয়ের জন্য পরীক্ষার্থী প্রতি ৭.৫০ টাকা এবং ৩ ঘন্টা বিষয়ের জন্য পরীক্ষার্থী প্রতি ১০.০০ টাকা) পারিশ্রমিক প্রাপ্য হবেন। অবশিষ্ট অর্থ দরকারি কাঁচামাল সংগ্রহের জন্য ব্যয়যোগ্য।

৪.৪ বাস্তব প্রশিক্ষণের ফি-বাবদ আদায়কৃত টাঃ ৫০/- দ্বারা বাস্তব প্রশিক্ষণ সংক্রান্ত ব্যয়ভার মিটাতে হবে।

৪.৫ পরীক্ষা সমাপ্তির পর কেন্দ্রের ব্যয়ের একটি সামগ্রিক হিসাব স্থানীয় প্রশাসন কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়িত করে PF এর হার্ডকপি, হাজিরাশিট জমাদানের সময় বোর্ডের ভোকেশনাল শাখায় জমা দিতে হবে (৭ম তলা)।

৫. প্রতিষ্ঠান কর্তৃক প্রিন্ট আউট কপি/পরীক্ষার ফি জমা প্রদানের নিয়মাবলি ঃ

৫.১ ফরম ফিলাপ- প্রিন্ট আউটের হার্ডকপি প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে/ তাঁর মনোনীত দায়িত্বশীল কোন শিক্ষক/কর্মচারীর মাধ্যমে ছকে বর্ণিত তারিখ মোতাবেক বোর্ডে প্রেরণ করতে হবে।

৫.২ **নির্ধারিত তারিখে ব্যাংক ড্রাফট এবং ফরম ফিলাপের প্রিন্ট আউট-এর হার্ডকপি জমা দিতে ব্যর্থ হলে ২৫০০.০০ প্রতিষ্ঠানকে জরিমানা দিতে হবে।**

৫.৩ অসম্পূর্ণ/ভুল তথ্যযুক্ত হার্ডকপি বা ব্যাংক ড্রাফট বিহীন ফরম সরাসরি নাকচ হবে এবং এজন্য বোর্ড দায়ী থাকবে না।

৫.৪ আদায়কৃত অর্থ সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে **সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা**-এর অনুকূলে একটি ব্যাংক ড্রাফটের মাধ্যমে প্রিন্ট আউটের হার্ড কপিসহ বোর্ডে প্রেরণ করতে হবে, সোনালী ব্যাংক, আগারগাঁও শাখা, ঢাকা থেকে উত্তোলনযোগ্য হতে হবে। এছাড়া সোস্যাল ইসলামী ব্যাংক, লায়ন্স চক্ষু হাসপাতাল, আগারগাঁও, ঢাকা শাখায় উপরও ব্যাংক ড্রাফট করা যাবে।

৫.৫ নগদ, মনি অর্ডার, চেক, পোষ্টাল অর্ডার বা ট্রেজারী চালানযোগে অর্থ গ্রহণ করা হবে না।

৫.৬ ব্যাংক ড্রাফট সংগ্রহের নিমিত্ত প্রদানযোগ্য ব্যাংক কমিশন সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বহনযোগ্য হবে।

৫.৭ পরীক্ষার প্রিন্ট আউট (হার্ড কপি) বোর্ডে প্রেরণের পূর্বে প্রতিটি ফরমের লিপিবদ্ধতা শিক্ষা প্রতিষ্ঠানের সংশিষ্ট নথিপত্রের সাথে অভিন্নমর্মে পরীক্ষাকরতঃ ট্রেডভিত্তিক শ্রেণি বিন্যাস করে রোল নম্বর/রেজিষ্ট্রেশনের ক্রমানুসারে নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থী পৃথক পৃথকভাবে সাজিয়ে দিতে হবে, যা প্রিন্ট আউট কপি থেকে সম্পূর্ন আলাদা থাকবে। ফরোয়ার্ডিং নমুনা ব্যতিত কোন প্রিন্ট আউট কপি গ্রহণ করা হবে না।

৫.৮ প্রতিষ্ঠানভিত্তিক নিম্নোক্ত নমুনা ফরমেটে সকল নিয়মিত/অনিয়মিত পরীক্ষার্থীর তালিকা (হার্ডকপিসহ) ফরোয়াডিং আকারে A4 সাইজ কাগজে ব্যাংক ড্রাফটসহ দাখিল করতে হবে। নমুনা ফরমেট অনুযায়ী কম্পিউটার কম্পোজ ব্যতীত ডিডি/হার্ডকপি গ্রহণ করা হবে না।

অব্যাহত ---

নমুনা ফরমেট ঃ

প্রতিষ্ঠানের নাম ও ঠিকানাঃ -- - - - - - - - - প্রতিষ্ঠান কোড ঃ- - - - - - - -
-

বরাববর

পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

ঢাকা-১২০৭ ।

[দৃঃ আঃ উপ-পরীক্ষা নিয়ন্ত্রক(ভোক)]

বিষয়ঃ - - - - - - সনের এস.এস.সি(ভোক)/দাখিল (ভোকেশনাল) - ফাইনাল পরীক্ষার

ফি পেরণ প্রসংঙ্গে ।

জনাব

আগামী - - - - - - - - - - - - - - - - - - মাসে অনুষ্ঠিত - - - - - - - - - - সনের এস.এস.সি(ভোক) - - - - - - - পরীক্ষা অত্র প্রতিষ্ঠানের অংশ গ্রহণকারী পরীক্ষার্থীদের প্রিন্ট আউট হার্ড কপি ও ফিসমূহ নিম্নোক্ত ছক অনুযায়ী পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য জমা প্রদান করলাম ।

ক্রমিক নং	ট্রেড	নিয়মিত/ অনিয়মিত	জনপ্রতি @					মোট
			পরীক্ষার ফি টাঃ ৩০০/-	নম্বরপত্র ফি টাঃ ৬০/-	বাস্তব প্রশিক্ষণ ফি টাঃ ৭০/-	বিলম্ব ফি টাঃ ৩০০/-	সংযোগ রক্ষাকারী ফি টাঃ ৩০০/-	
১		নিয়মিত						
		অনিয়মিত						
সর্বোমোট=নিয়মিত - - - - - - - - জন, অনিয়মিত= - - - - - - - - - - - জন । টাকা=								

প্রতিষ্ঠান প্রধানের মোবাইল নম্বরঃ   প্রতিষ্ঠান প্রধানের সীল ও স্বাক্ষর

সংযোজিত ঃ

ব্যাংক ড্রাফটের বিবরণ

ক্রমিক নং	ব্যাংক ড্রাফট নং	তারিখ	টাকার পরিমান	সোনালী/সোস্যাল ব্যাংক শাখার নাম
০১				
০২				
মোট				

অব্যাহত ---

৬. নিম্নোক্ত ছক অনুযায়ী বোর্ড থেকে প্রবেশপত্র এবং অন্যান্য কাগজপত্র সরবরাহ করা হবে ঃ

কেন্দ্রের সকল প্রতিষ্ঠানের **TC, PC**-এর হার্ডকপি জমা এবং প্রবেশপত্র ও অন্যান্য কাগজপত্র নিম্নের ছক অনুযায়ী সরবরাহ করা হবে।

ছক-২

ক্রমিক নং	তারিখ	জেলার নাম	মন্তব্য
১	০২/১০/২০১৬ খ্রি. (রবিবার)	পঞ্চগড়, ঠাকুরগাঁও, দিনাজপুর, নীলফামারী, লালমনিরহাট, রংপুর, কুড়িগ্রাম।	১. কেন্দ্রাধীন সকল প্রতিষ্ঠানের **TC, PC** এর হার্ডকপি ব্যতিত প্রবেশপত্র সরবরাহ করা হবে না। ২. প্রবেশপত্র দেখে নিতে হবে। পরিলক্ষিত ভুল পরীক্ষার পূর্ব দিন পর্যন্ত সংশোধনযোগ্য। ৩. উত্তরপত্র গ্রহণে সংযুক্ত চাহিদা ফরম-১ ও ২ পূরণ করে আনতে হবে।
২	০৩/১০/২০১৬ খি. (সোমবার)	গাইবান্ধা, জয়পুরহাট, বগুড়া, নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জ, রাজশাহী, নাটোর, সিরাজগঞ্জ।	
৩	০৪/১০/২০১৬ খ্রি. (মঙ্গলবার)	পাবনা, কুষ্টিয়া, মেহেরপুর, চুয়াডাংগা, ঝিনাইদহ, মাগুরা, নড়াইল, যশোর।	
৪	০৫/১০/২০১৬ খ্রি. (বুধবার)	খুলনা, বাগেরহাট, পিরোজপুর, বরগুনা, পটুয়াখালী, ভোলা।	
৫	০৬/১০/২০১৬ খ্রি. (বৃহস্পতিবার)	সাতক্ষীরা, ঝালকাঠী, বরিশাল, শরিয়তপুর, মাদারীপুর, গোপালগঞ্জ, ফরিদপুর, রাজবাড়ী।	
৬	০৯/১০/২০১৬ খ্রি. (রবিবার)	সুনামগঞ্জ, সিলেট, মৌলভীবাজার, হবিগঞ্জ, বি-বাড়ীয়া, কুমিলা, চাঁদপুর, লক্ষীপুর, নোয়াখালী, ফেনী, চট্টগ্রাম, খাগড়াছড়ি, রাঙ্গামাটি, বান্দরবন, কক্সবাজার।	
৭	১০/১০/২০১৬ খ্রি. (সোমবার)	কিশোরগঞ্জ, নেত্রকোণা, ময়মনসিংহ, শেরপুর, জামালপুর, টাংগাইল, গাজীপুর, নরসিংদী, নারায়নগঞ্জ, মুন্সিগঞ্জ, মানিকগঞ্জ, ঢাকা।	

৭. অন-লাইনে ধারাবাহিক (TC, PC) নম্বর প্রেরণ এবং এর হার্ড কপি বোর্ডে জমাদান ঃ

৭.১ ২০১৬ সনে অনুষ্ঠিতব্য নবম **শ্রেণি** বোর্ড সমাপনী পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের ধারাবাহিক (তাত্ত্বিক ও ব্যবহারিক ধারাবাহিক)/ **TC-PC** নম্বর স্ব-স্ব প্রতিষ্ঠানকে **২৫/০৯/২০১৬ খ্রিঃ হতে ০১/১০/২০১৬খ্রিঃ** তারিখের মধ্যে অন-লাইনে প্রেরণ করিতে হবে ।

৭.২ **TC, PC** -এর হার্ডকপিসমূহ বিষয়ভিত্তিক সাজিয়ে বহি আকারে বাধাই করিয়া জমা দিতে হবে। কোন অবস্থাতেই এই হার্ডকপিসমূহ ট্রেডভিত্তিক দেয়া যাবে না।

৭.৩ ধারাবাহিক নম্বর প্রেরণের সময় **List** -এ কোন শিক্ষার্থীর রোল না থকিলে **Add Record** করে ধারাবাহিক নম্বর প্রেরণ করতে হবে। কোন পরীক্ষার্থীর **TC, PC** -এর নম্বর **On-Line** -এ প্রেরণ করা না হলে ঐ পরীক্ষার্থীর প্রবেশপত্র ইস্যু করা হবে না। ইতিপূর্বে ধারাবাহিক নম্বর প্রেরণ করা হয়েছে এমন পরীক্ষার্থীদের ধারাবাহিক নম্বর পুনরায় প্রেরণের প্রয়োজন নাই।

৭.৪ অন-লাইনে প্রেরিত কপির হুবহু হার্ডকপি দাখিল করতে হবে কোনরূপ ঘষামাজা, হাতে লেখা এবং উপরিলিখন গ্রহণযোগ্য নয়।

৭.৫ যে সকল পরীক্ষার্থীর TC, PC এর নম্বর অন-লাইনে প্রেরণ করা সম্ভব হবে না তাদের TC, PC-এর নম্বর ম্যানুয়াল ফরমেট পূরণ করে প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর ও সীলসহ (**২৫/০৯/২০১৬খ্রি. হতে ০১/১০/২০১৬খ্রি. পর্যন্ত**) নির্দষ্ট তারিখের মধ্যে বোর্ডে পাঠাতে হবে।

৮ ব্যবহারিক সমাপনী পরীক্ষা (PF) ঃ

তাত্ত্বিক পরীক্ষা সমাপ্তির ০৩ দিনের মধ্যে ব্যবহারিক সমাপনী পরীক্ষা অনুষ্ঠান করতে হবে। এর পরপরই অন-লাইনে ব্যবহারিক পরীক্ষার নম্বর প্রেরণ করতে হবে। অন-লাইনে প্রেরিত ব্যবহারিক নম্বররের **হার্ডকপি ও হাজিরাশীট, অনুপস্থিত ও বহিস্কার** তালিকা অবশ্যই রোল নম্বরের ক্রমানুসারে সাজিয়ে বহি আকারে বাধাই করে নির্ধারিত তারিখে বোর্ডে জমা দিতে হবে।

৯ বাস্তব প্রশিক্ষণ (I A) ঃ

ব্যবহারিক পরীক্ষা সমাপ্তির ০৩ দিনে মধ্যে শিক্ষার্থিদের ০৬ সপ্তাহ ব্যাপি বাস্তব প্রশিক্ষণে সংযুক্ত করতে হবে। এই বাস্তব প্রশিক্ষণ সমাপ্তির ১০ দিন পূর্বেই বাস্তব প্রশিক্ষণের নম্বরপত্র স্বঃ স্বঃ প্রতিষ্ঠানকে অন-লাইনে বোর্ডে প্রেরণ করতে হবে। বাস্তব প্রশিক্ষণ নম্বর প্রেরণের পর এর হার্ডকপি স্বঃ স্বঃ প্রতিষ্ঠানকে আলাদাভাবে বোর্ডে প্রেরণ করতে হবে।

অব্যাহত---

১০. অনুসরণীয় বিশেষ নির্দেশাবলি ঃ

১০.১ প্রিন্ট আউট কপিতে প্রত্যেক পরীক্ষার্থীর স্বাক্ষর গ্রহণের করার পূর্বে সকল তথ্যাদির যথাযথতা নিশ্চিত হতে হবে, যেহেতু এরই ভিত্তিতে প্রবেশপত্র তৈরি হবে। প্রবেশপত্র সংশোধনের জন্য প্রিন্ট আউট কপি আবশ্যক। প্রিন্ট আউট কপিতে স্বাক্ষর না থাকলে প্রবেশ পত্র ইস্যু হবে না। ম্যানুয়্যাল ফরম পুরণ গ্রহণযোগ্য নয়। বিলম্বে ফরম ফিলাপের জন্যও প্রিন্ট আউটের কপি ব্যবহার করতে হবে।

১০.২ পরীক্ষা চালকালীন সময় ও পরে নির্ধারিত ফি জমা দিয়ে প্রবেশপত্র সংশোধন করা যাবে। তবে, পরীক্ষা শুরুর পূর্বেই অতিরিক্ত ফি ছাড়া এ সংশোধন করিয়ে নিতে হবে।

১০.৩ বোর্ড প্রেরিত যেকোনো তথ্যের হার্ড কপি/নম্বরপত্রের/হাজিরাশীটের ফটোকপি গোপনীয়ভাবে প্রতিষ্ঠানে/কেন্দ্রে সংরক্ষণ করতে হবে, যাতে যেকোনো সময় বোর্ডের চাহিদা অনুযায়ী এগুলো তলব করা যায়।

১০.৪ পরীক্ষার্থীর তথ্য (অনুপস্থিত ও বহিস্কার সংক্রান্ত), হাজিরাশীট, শিরোনামপত্রের ৩য় কপি এবং সকল নম্বর পত্রের হার্ড কপি একত্রে কেন্দ্রের মাধ্যমে হাতে হাতে পরীক্ষা শেষ হওয়ার ৩ দিনের মধ্যে বোর্ডে জমা দিতে হবে।

১০.৫ সংশ্লিষ্ট প্রবিধান মোতাবেক বিষয় ভিত্তিক উত্তীর্ণমান, পূর্ণমান এবং প্রাপ্ত নম্বর ইত্যাদিসহ কারিকুলাম কোড, ট্রেডকোড, বিষয়কোড অন-লাইনে শুদ্ধরূপে প্রদান করতে হবে। প্রতিষ্ঠানের কোনরূপ ভুলের কারণে শিক্ষার্থীর ক্ষতি হলে তার দায়-দায়িত্ব প্রতিষ্ঠানকেই বহন করতে হবে।

১০.৬ কোনক্রমে তাত্ত্বিক ধারাবাহিক অংশে/ ব্যবহারিক ধারাবাহিক অংশে কোন শিক্ষার্থী অনুত্তীর্ণ থাকলে তাহার ফলাফল বাতিল হবে বিধায় খুব সতর্কতায় এ নম্বর এন্ট্রি করতে হবে। ভুল হলে প্রবিধান মোতাবেক এ ক্ষেত্রে রেজিস্ট্রেশনও বাতিল হবে এবং শিক্ষার্থিকে কোনভাবে পুণঃভর্তিও করা যাবে না।

১০.৭ ফরম পূরণ হলে অবশ্যই নিয়মিত পরীক্ষার্থীর ধারাবাহিক নম্বর অনলাইনে বোর্ডে প্রেরণ করতে হবে (সমাপনী পরীক্ষায় অনুপস্থিত থাকলেও)।

১০.৮ ফরম ফিলাপের প্রিন্ট আউট কপি জমা দেয়ার সময় এফিলিয়েশন/নবায়ন ফিস হাল নাগাদ করার প্রত্যয়নপত্র দেখাতে হবে।

১০.৯ বোর্ডের রেকর্ডে প্রতিষ্ঠান প্রধানের হাল নাগাদ মোবাইল নম্বর এন্ট্রি করে যেতে হবে ও তাঁকে নিয়োমিত বোর্ডে ওয়েব সাইট পরিদর্শন করতে হবে।

১০.১০ উত্তরপত্র পরীক্ষক হতে ইচ্ছুক শিক্ষকগণকে অন-লাইনে নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।

১০.১১ সংশোধনী ফলাফলের জন্য ফলাফলে উল্লিখিত সময়ের মধ্যেই প্রয়োজনীয় সকল কাগজপত্রসহ বোর্ডে আবেদন করতে হবে।

১০.১২ সংশোধনীতে উত্তীর্ণ শিক্ষার্থীর পূর্বের নম্বরপত্র জমা দিয়ে বোর্ডের ৬ষ্ঠ তলা হইতে সংশোধিত নম্বরপত্র গ্রহণ করতে হবে।

(প্রকৌঃ সুশীল কুমার পাল)
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন-৯১১৩২৮৩ (অফিস)

স্মারক নং-১৭.০০০০.৩০৩.১৮.০০৭.১৬ **তারিখ ঃ ১৪ জুলাই ২০১৬ খ্রি.**

অনুলিপি, সদয় অবগতি ও যথাযথ কার্যার্থে প্রেরণ করা হইল ঃ

১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষণ ঃ অতিরিক্ত-সচিব, মাদ্রাসা ও কারিগরি)
২। মহা-পরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, প্রশাসনিক এলাকা, এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।
৩। মহা-পরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, কাকরাইল, ঢাকা।
৪। পরিচালক (ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, প্রশাসনিক এলাকা, এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।

অব্যাহত---

৫। পরিচালক (প্রশিক্ষণ), জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, প্রশিক্ষণ ভবন, কাকরাইল, ঢাকা।
৬। পরিচালক,বস্ত্র দপ্তর, বস্ত্র ভবন (৬ষ্ঠ তলা), কারওরান বাজার, ঢাকা।
৭। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮। পরিচালক (কারিকুলাম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯। পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০। অধ্যক্ষ, বাংলাদেশ ইনষ্টিটিউট অব গাস অ্যান্ড সিরামিক, তেজগাঁও, ঢাকা
১১। উপ পরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, আঞ্চলিক কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী বিভাগ।
১২। পরিদর্শক, টেকনিক্যাল স্কুল ও কলেজসমূহ, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা বিভাগ
১৩। অধ্যক্ষ/সুপারিনটেনডেন্ট/প্রধান শিক্ষক---
১৪। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক-(সকল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৫। উপ-সচিব (প্রঃ)/ উপ-সচিব (রেজিঃ), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৬। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বোর্ডের ওয়েব সাইটে প্রচারের জন্য অনুরোধকৃত)।
১৭। সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক-(সকল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৮। সহকারি মহা-ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, আগারগাও (বিটিইবি ভবন সংলগ্ন) ঢাকা-১২০৭।
১৯। সহকারি পরিচালক (হিসাব ও নিরীক্ষা) , বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
(১৮ ও ১৯): হিসাব অনুযায়ী ফি গ্রহণের জন্য অনুরোধকৃত।
২০। ডকুঃ অফিসার/ রেজিঃ অফিসার/ প্রেস ম্যানেজার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা ।
২১। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা ।
২২। অত্র অফিসের নোটিশ বোর্ড।
২৩। সংরক্ষণ নথি ।

(মোঃ আবুল হোসেন)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন ঃ ৮১২১৫৪০ (অফিস)

চাহিদা ফরম-০১

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড,ঢাকা

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ

(ভোকেশনাল শাখা)

আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ ।

কেন্দ্র কোডঃ

- - - - - - - - সালের - - - - -- - - - মাসে অনুষ্ঠিতব্য - - - - - সনের এস.এস.সি দাখিল(ভোকেশনাল) নবম/দশম শ্রেণি ফাইনাল পরীক্ষা পরিচালনার জন্য উত্তরপত্র এবং পরীক্ষা সংক্রান্ত আনুসঙ্গিক ফরম সমূহের চাহিদা নিন্মে প্রদত্ত হলঃ

কেন্দ্রের নামঃ - জেলাঃ - - - - - - - - - - - - - - - - -

ট্রেডের নাম	৯ম/১০ম	মোট নিয়মিত পরীক্ষার্থী	লিখিত পরীক্ষার বিষয় সংখ্যা ৯ম-১০ম বিষয় ১০ম-১১ বিষয় (৪র্থ সহ)	মোট উত্তরপত্রের সংখ্যা	মন্তব্য
অনিয়মিত পরীক্ষার্থীর জন্য উত্তরপত্রঃ (পরীক্ষার্থী × ২ বিষয়)					
			সর্বমোট		

প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর ও সীল মোহর

চাহিদা ফরম-০২

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড,ঢাকা

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ

(ভোকেশনাল শাখা)

আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ ।

কেন্দ্র কোডঃ

কেন্দ্রের নামঃ - জেলাঃ - - - - - - - - - - - - - - - - -

বিবরণ	মোট চাহিদার পরিমাণ	কেন্দ্র/প্রতিষ্ঠানে মজুদের পরিমাণ	বর্তমান চাহিদা	মন্তব্য
উত্তরপত্র লিথো সহ (মোট উত্তরপত্র + ২%)				
অতিরিক্ত উত্তরপত্র (লিথো) (মোট উত্তরপত্র × ১০ ঃ ১)				
শিরোনামপত্র (কেন্দ্র × বিষয় × ৪কপি)				
বান্ডেল লেবেল (মোট পরীক্ষার্থী × ১ × বিষয়/১০০)				
বক্স (মোট পরীক্ষার্থী × বিষয় × ১/২০০)				
হাজিরা শীট (প্রতি পরীক্ষার্থী × ১) (প্রতিদিন নেটে হাজিরা প্রেরণ করিতে হইবে)				
করোগেটেড শীট (মোট পরীক্ষার্থী × ২ × বিষয়)/১০০				
সনদপত্র/নম্বরপত্র উত্তোলনের আবেদন ফরম প্রতি কেন্দ্র ১০০টি				
বহিস্কৃত ফরম নং-১, ২, ৩ (প্রতিটি প্রতি কেন্দ্রে ১০টি করে)				
অন্যান্য				

প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর ও সীল মোহর